



# জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

“পাঠ্যপুস্তক ভবন”

৬৯-৭০, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

বিজ্ঞপ্তি নং :

তারিখ : ২৪/০৬/২০১৪

## ‘একাদশ-দ্বাদশ শ্রেণির সংশোধিত বিষয় কাঠামো’

২৪/০৬/২০১৪

গত ০৪.০৭.২০১৩ তারিখের জাতীয় শিক্ষাক্রম সমন্বয় কমিটির (NCCC) সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষ হতে বাস্তবায়নের জন্য একাদশ ও দ্বাদশ শ্রেণির গুচ্ছভিত্তিক মূল বিষয় কাঠামো ০৪/০৬/২০১৪ তারিখে জারিকৃত বিজ্ঞপ্তি নং- ১৩২ বাস্তবপূর্বক ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষে উচ্চমাধ্যমিক স্তরের জন্য অনুমোদিত বিষয় কাঠামো অনুযায়ী ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের ভর্তির কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে। এমতাবস্থায় ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক পর্যায়ের বিষয় কাঠামো হবে নিম্নরূপ:

ক. শিক্ষার্থী নিম্নের যেকোনো একটি শাখায় ভর্তি হতে পারবে। শাখাসমূহ হচ্ছে-

ক. মানবিক খ. বিজ্ঞান গ. ব্যবসায় শিক্ষা ঘ. ইসলাম শিক্ষা ঙ. গার্হস্থ্য বিজ্ঞান এবং চ. সংগীত

খ. সকল শাখার শিক্ষার্থীর জন্য আবশ্যিক বিষয়- ১. বাংলা ২. ইংরেজি ১ম পত্র(পুরাতন সিলেবাস) ও দ্বিতীয় পত্র ৩. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

গ. শাখাভিত্তিক বিষয়সমূহ নিম্নরূপ:

শাখা	শাখাভিত্তিক আবশ্যিক তিনটি বিষয়	শাখাভিত্তিক ঐচ্ছিক বিষয় (একটি নেওয়া যাবে)
বিজ্ঞান	৪. পদার্থবিজ্ঞান ৫. রসায়ন ৬. জীববিজ্ঞান অথবা উচ্চতর গণিত	৭. (ক) জীববিজ্ঞান, (খ) উচ্চতর গণিত, (গ) কৃষিশিক্ষা, (ঘ) ভূগোল, (ঙ) মনোবিজ্ঞান, (চ) পরিসংখ্যান, (ছ) মুক্তিকাবিজ্ঞান, (জ) প্রকৌশল অংকন ও ওয়ার্কশপ প্র্যাকটিস (পুরাতন সিলেবাস), (ঝ) *ক্রীড়া (পুরাতন সিলেবাস)
মানবিক	যেকোনো তিনটি বিষয়: ৪. ইতিহাস, অথবা ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৫. পৌরনীতি ও সুশাসন ৬. অর্থনীতি ৭. সমাজবিজ্ঞান অথবা সমাজকর্ম ৮. ভূগোল ৯. যুক্তিবিদ্যা	১০. (ক) পৌরনীতি ও সুশাসন, (খ) অর্থনীতি, (গ) ভূগোল, (ঘ) যুক্তিবিদ্যা, (ঙ) সমাজবিজ্ঞান, (চ) সমাজকর্ম, (ছ) ইতিহাস (জ) ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, (ঝ) ইসলাম শিক্ষা, (ঞ) মনোবিজ্ঞান, (ট) পরিসংখ্যান, (ঠ) নৃ-বিজ্ঞান (নতুন শিক্ষাক্রম প্রণয়ন সাপেক্ষে) (ড) কৃষিশিক্ষা (ঢ) গার্হস্থ্য বিজ্ঞান, (ণ) চারু ও কারুকলা (পুরাতন সিলেবাস), (ত) নাট্যকলা (পুরাতন সিলেবাস), (থ) সমরবিদ্যা (পুরাতন সিলেবাস), (দ) আরবি অথবা পালি অথবা সংস্কৃত (পুরাতন সিলেবাস), (ধ) লঘু সংগীত (পুরাতন সিলেবাস), (ন) উচ্চতর গণিত, (প) *ক্রীড়া (পুরাতন সিলেবাস)
ব্যবসায় শিক্ষা	৪. ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা ৫. হিসাববিজ্ঞান ৬. ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা, অথবা উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন	৭. (ক) ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা, (খ) উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন, (গ) মানব সম্পদ উন্নয়ন (নতুন শিক্ষাক্রম প্রণয়ন সাপেক্ষে), (ঘ) পরিসংখ্যান, (ঙ) ভূগোল, (চ) অর্থনীতি, (ছ) কৃষিশিক্ষা, (জ) গার্হস্থ্য বিজ্ঞান, (ঝ) সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা (২০১৫-১৬ শিক্ষাবর্ষ পর্যন্ত চলবে)
ইসলাম শিক্ষা	৪. ইসলাম শিক্ষা ৫. ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ৬. আরবি (পুরাতন সিলেবাস)	৭. (ক) সমাজবিজ্ঞান, (খ) সমাজকর্ম, (গ) কৃষিশিক্ষা, (ঘ) গার্হস্থ্য বিজ্ঞান, (ঙ) মনোবিজ্ঞান, (চ) যুক্তিবিদ্যা, (ছ) ভূগোল, (জ) অর্থনীতি
গার্হস্থ্য বিজ্ঞান	৪ ব্যবহারিক শিল্পকলা এবং বস্ত্র ও পোশাক শিল্প ৫. সাধারণ বিজ্ঞান এবং খাদ্য ও পুষ্টি ৬. ঘর ব্যবস্থাপনা ও শিশু পরিবর্ধন এবং পারিবারিক জীবন-যাপন	৭. (ক) শিল্পকলা ও বস্ত্র পরিচ্ছদ (পুরাতন সিলেবাস), (খ) মনোবিজ্ঞান, (গ) অর্থনীতি, (ঘ) সমাজকর্ম, (ঙ) ভূগোল, (চ) সমাজবিজ্ঞান
সঙ্গীত	৪. লঘু সঙ্গীত (পুরাতন সিলেবাস) ৫. উচ্চাঙ্গ সঙ্গীত (পুরাতন সিলেবাস) ৬. অর্থনীতি অথবা পৌরনীতি ও সুশাসন অথবা ইতিহাস	৭. (ক) অর্থনীতি, (খ) পৌরনীতি ও সুশাসন, (গ) মনোবিজ্ঞান, (ঘ) যুক্তিবিদ্যা, (ঙ) গার্হস্থ্য বিজ্ঞান (চ) সমাজবিজ্ঞান, (ছ) সমাজকর্ম

\* ইতিহাস এবং ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিষয় দুটির মধ্যে যেকোনো একটি আবশ্যিক অথবা ঐচ্ছিক হিসেবে নেওয়া যাবে। তেমনিভাবে সমাজবিজ্ঞান ও সমাজকর্ম বিষয় দুটির যেকোনো একটি আবশ্যিক অথবা ঐচ্ছিক হিসেবে নেওয়া যাবে। উল্লেখ থাকে যে, বিষয় দুটি একই সঙ্গে আবশ্যিক ও ঐচ্ছিক হিসেবে নেওয়া যাবে না।

\* ক্রীড়া বিষয়টি শুধু বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের বিজ্ঞান ও মানবিক শাখার শিক্ষার্থীরা ঐচ্ছিক বিষয় হিসেবে নিতে পারবে। জুডো ও আর্চারী বিষয়টি এনসিসিসি-র সভার অনুমোদনক্রমে নতুন সংযোজিত হয়েছে।

  
২৪/০৬/২০১৪

S-Letter (Prithish Sir HSC 14-15)


সৈয়দ মাহবুবুল আলী, আইডি- ৯৬৪৪

ডি.সি.এস (শিক্ষা)

উর্ধ্বতন বিশেষজ্ঞ, শিক্ষাক্রম উইং

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।

<http://teachingbd.com>

  
২৫.৬.১৪

সদস্য (শিক্ষাক্রম)

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড

ঢাকা।